গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মাননীয় প্রতিমন্ত্রী বেগম ফজিলাতুন নেসা এমপি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
স্থানঃ বাংলাদেশ শিশু একাডেমীর সভা কক্ষ।
তারিখঃ ৩০/০১/২০১৯ খ্রিঃ।
সময়ঃ বেলাঃ ১১.০০ ঘটিকায়।
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট-'ক'।

মাননীয় প্রতিমন্ত্রী সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বলেন যে, চলতি অর্থ বছরে প্রকল্পের জাতীয় গড় অগ্রগতির (২৬.৩৭%) চেয়ে মন্ত্রণালয়ের চলমান প্রকল্পসমূহের গড় অগ্রগতি (২৫.৩৮%) কম হওয়ায় প্রকল্পের আর্থিক অগ্রগতি আরও ত্বরান্বিত করতে তিনি নির্দেশ প্রদান করেন। তিনি আরও বলেন যে, প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রকল্পসমূহে প্রশিক্ষণের গুণগতমান বজায় রেখে প্রশিক্ষণ প্রদান করতে হবে যাতে করে উপকার ভোগীগণ এ প্রশিক্ষণ লব্ধ জ্ঞান বাস্তব জীবনে কাজে লাগাতে পারে এবং তাদের জীবনমান উন্নত করতে পারে। অত:পর কার্যপত্র অনুযায়ী প্রতিটি প্রকল্পের পৃথক অগ্রগতি সংক্ষেপে উপস্থাপনের জন্য তিনি উপ-প্রধান-(পরিঃ) কে আহবান জানান। তাঁর অনুমতিক্রমে উপ-প্রধান-(পরিঃ) ডিসেম্বর, ২০১৯ মাসের প্রকল্পের অগ্রগতি পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন।

২। **আলোচনা :**

উপ-প্রধান সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে এ মন্ত্রণালয়ের অধীনে মোট ২৪টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। চলমান এ সকল প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৫৪২৮২.৭৩ লক্ষ টাকা (জিওবি-৪৯২৬২.৭৩ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৫০২০.০০ লক্ষ টাকা)।এ বরাদ্দের বিপরীতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট অর্থ অবমুক্ত করা হয়েছে ২৩৬০৬.৫৭ লক্ষ টাকা (জিওবি-২২০১৪.২৯ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১৫৯২.২৮ লক্ষ টাকা) এবং ব্যয় হয়েছে ১৩৭৭৪.৭৩লক্ষ টাকা (জিওবি ১২১২০.৫২ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য-১৬৫৪.২১ লক্ষ টাকা) যা মোট বরাদ্দের ২৫.৩৮%। আর্থিক অগ্রগতি আরও ত্বরান্বিত করার বিষয়ে সভাপতি সকল প্রকল্প পরিচালককে নির্দেশ প্রদান করেন।

অত:পর উপ-প্রধান (পরিঃ) মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি এবং জয়িতা ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি ধারাবাহিকভাবে পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন।

৩। **এডিপিতে অন্তর্ভুক্ত অনুমোদিত বাস্তবায়নাধীন প্রকল্পভিত্তিক সংক্ষিপ্ত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ**

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
	মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প		

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
১।	নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টি-সেক্টরাল প্রোগ্রাম (৪র্থ পর্ব) প্রকল্প মেয়াদঃ (০১/০৭/২০১৬-৩০/০৬/২০২১) মোট-১১৫০৮.০০ লক্ষ টাকা (জিওবি ৮৭৪৮.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২৭৬০.০০ লক্ষ টাকা) (জিওবি ও ডানিডা অনুদান)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২৭৩৮.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২০৩১.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৭০৭.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ১২৪৭.২৯ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৯৮৩.৯৫ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৩৫.৯৪%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৫৭২৫.১৬ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৪৯.৭৫%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের গুনগতমান বজায় রেখে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্প হতে ফরেনসিক ডিএনএ ল্যাবের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ১০৯ এর বিষয়ে আইসিটি মন্ত্রণালয়ে পত্র দেয়ার ফলে এ মন্ত্রণালয়ের ১০৯ নম্বরটি সকল ওয়েব সাইটে প্রদর্শিত হচ্ছে। বাল্যবিয়ে নিরসনে এ প্রকল্প হতে বিভিন্ন ধরনের কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করা হয়।	**সিদ্ধান্তঃ** ১। ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন প্রেরণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। প্রকল্প পরিচালক।
২।	Strengthening Gender Responsive Budgeting in Bangladesh শীর্ষক প্রকল্প মেয়াদঃ০১/০৭/২০১৭ - ৩০/০৬/২০২০ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ৪২১.০৭ লক্ষ টাকা (জিওবি-৩৭০.৪৭ এবং ৫০.৬০ UN-Women)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৮৭.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৭২.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৫.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ১৮.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১২.৫০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ১৪.৩৭%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৬৭.৫০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ১৬.০৩%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের গুনগতমান বজায় রেখে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের আওতায় ৪৩টি মন্ত্রণালয়ের জেন্ডার সংবেদনশীল বাজেট প্রণয়নের বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম প্রদান করা হচ্ছে। প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ এক বছর বৃদ্ধি করতে হবে। প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষণার্থী মন্ত্রণালয়ে গিয়ে জেন্ডার সংবেদনশীল বাজেট প্রণয়ন করছে কি না তা মনিটরিং করার পদ্ধতি উদ্ভাবন এবং পরামর্শক এ বিষয়ে কি কার্যক্রম গ্রহণ করছে, তা মাননীয় প্রতিমন্ত্রীকে অবহিত করার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন।	**সিদ্ধান্তঃ** ১। প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ এক বছর বৃদ্ধি করতে হবে। ২। পরামর্শকসহ প্রকল্প পরিচালককে প্রকল্পের জেন্ডার সংবেদনশীল বাজেট প্রণয়নে জড়িত মন্ত্রণালয় সমূহের প্রশিক্ষণার্থীদের এর কার্যক্রম মনিটরিং করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। প্রকল্প পরিচালক। ৩। প্রকল্প পরিচালক পরামর্শকসহ এ সকল বিষয়াদি প্রতিমন্ত্রী মহোদয়কে অবহিত করবেন।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
৩।	এক্সিলারেটিং প্রোট্রেকশান ফর চিলড্রেন (এপিসি) শীর্ষক প্রকল্প, মেয়াদঃ ০১/০৭/১৭-৩০/০৬/২০২১ পর্যন্ত, মোট ব্যয় ১১৫০৬.৪৮ (জিওবি-৬৬৬.৩৮ এবং ১০৮৪০.১০ UNICEF) লক্ষ টাকা)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৭৫৫.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৪৫.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৬১০.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ৭৫৪.৭৭ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৭০৫.৫৮ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৪০.২০%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৪২৩৩.০০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৩৬.৭৯%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি মোট ২৫টি জেলার ৫০টি উপজেলা এবং ১১টি সিটি কর্পোরেশনে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের অধিনে ন্যাশনাল এ্যাডোলোসেন ষ্টাডি পরিচালনা করা হচ্ছে। প্রকল্পের কাজে ১১টি মডিউল সঠিকভাবে মাঠপর্যায়ে বাস্তবায়ন এবং মনিটরিং করা সহ স্থানীয় জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। প্রকল্পের কাজে ১১টি মডিউল মাঠ পর্যায়ে মনিটরিং সঠিকভাবে মনিটরিং করা সহ স্থানীয় জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। প্রকল্প পরিচালক।
৪।	**"২১টি জেলার সুবিধাবঞ্চিত নারী ও শিশুর প্রাথমিক স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান"** শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০৭/১৮-৩০/০৬/২০২১ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ৯৮৩৩.৯৫ লক্ষ টাকা জিওবি ৬৫৩৩.১২ সংস্থার নিজস্ব অর্থায়ন ৩৩০০.৮৩ লক্ষ টাকা	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৯৭০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৯৭০.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ৯৮৫.০১ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৮৮৪.৭৫ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৪৪.৯১%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৪১৩৩.৭৪ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৬৩.২৭%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের গুনগতমান বজায় রেখে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। প্রকল্প পরিচালক।
	মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প		

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
৫।	ইনকাম জেনারেটিং একটিভিটিস অফ উইমেন এ্যাট উপজেলা লেভেল প্রকল্প মেয়াদঃ (০১/০১/২০১৭ - ৩১/১২/২০২০ পর্যন্ত,) মোট ২৮৩২২.৬০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৯০৭২.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৯০৭২.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ৪৫৩৬.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪২৮৫.৫০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৪৭.২৪%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১৪৭৫৫.৭০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৫২.১০%। উপ-প্রকল্প পরিচালক জানান যে, প্রশিক্ষানার্থীদের অনলাইনে আবেদন গ্রহণ পূর্বক প্রকল্পের মাঠ পর্যায়ে ট্রেনিং কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের গুনগতমান বজায় রেখে মাঠ পর্যায়ে ট্রেনিং কার্যক্রম বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। গুনগতমান বজায় রেখে মাঠ পর্যায়ে ট্রেনিং কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ। ২। প্রকল্প পরিচালক।
৬।	কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প মেয়াদঃ (০১/০৪/২০১৮ - ৩১/১২/২০২০ পর্যন্ত,) মোট ৫৫১৫৬.০০ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৭০০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৭০০.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ১৭৫০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৮০.৭৭ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ১.১৫%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১২৬৮.৬৬ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ২.৩০%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ক্লাবসমূহের কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করা হচ্ছে। তবে মাঠ পর্যায়ে সংগীত ও আবৃত্তি শিক্ষক এর কতিপয় পদ শুন্য আছে। মাঠ পর্যায়ে ক্লাবসমূহ তেমন একটা কার্যকর নয় এবং কতিপয় শুন্য পদে জনবল সংকট চলছে। এ সকল বিষয়াদিতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং এর কারণ লিখিত ভাবে মন্ত্রণালয়কে ব্যাখ্যা দিতে তিনি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। ক্লাবসমূহের কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়িত না হওয়া এবং মাঠ পর্যায়ে সংগীত ও আবৃত্তি শিক্ষকের পদসমূহের শুণ্যতার কারন লিখিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক।
৭।	সোনাইমুড়ী, কালীগঞ্জ, আড়াই হাজার ও মঠবাড়ীয়া উপজেলায় কর্মজীবি মহিলা হোষ্টেল ও ট্রেনিং সেন্টার স্থাপন প্রকল্প মেয়াদঃ (০১/০৭/২০১৪ - ৩০/০৬/২০২০ পর্যন্ত,) ৪৭৭৫.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৩২৭.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ১৩২৭.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২০১.৪৮ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ১৫.১৮%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৩৮৮১.৩৪ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৮১.২৮%। সভায় জানানো হয় যে, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবান করার বিষয়ে সভায় নির্দেশ প্রদান করা হয়।	**সিদ্ধান্তঃ** ১। প্রকল্পর ষ্টিয়ারিং কমিটির সভা দ্রুত আহবান করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। উন্নয়ন অধিশাখা, মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক। ৪। গণপূর্ত বিভাগ।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
৮।	২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প মেয়াদঃ (০১/০৩/১৬ - ২৮/০২/২০২১ পর্যন্ত) ৫৯৮৮.৪৯৮ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১১৭৪.০০ লক্ষ টাকা। (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ৫৮৭.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৩৯৭.১১ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৩৩.৮৩%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১৯৬৩.০৩ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৩২.৭৮%। সভায় জানানো হয় যে, নতুন প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে এবং কার্যক্রম যথারীতি চলছে। প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভা ২৮/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে। আউট সোর্সিংখাতে জনবলের চুক্তির মেয়াদ শীঘ্র শেষ হবে। আউট সোর্সিংখাতে জনবলের নিয়োগের বিষয়ে ষ্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। আউট সোর্সিংখাতে জনবলের নিয়োগের বিষয়ে ২৮/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত ষ্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। উন্নয়ন অধিশাখা, মশিবিম ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক।
৯।	গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় কর্মজীবি মহিলা হোষ্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্র প্রকল্প মেয়াদঃ (০১/০৭/১৬ - ৩০/০৬/২০২০ পর্যন্ত) প্রাক্কলিত ব্যয়ঃ ১৯১৫.০২৮ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২১২.৭৩ লক্ষ টাকা, (সম্পুর্ণ জিওবি)। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১৬৫৯.৮৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৮৬.৬৮%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পে শিশু দিবাযত্ন কেন্দ্রে ২০ জন শিশু এবং কর্মজীবি মহিলা হোষ্টেলে মোট ৪০ জন বর্ডার রয়েছে। চলতি অর্থ বছরে অসমাপ্ত কাজসমূহ সঠিকভাবে সম্পন্ন করা হচ্ছে। প্রকল্প শেষে জনবলের রাজস্বখাতে পদসৃজনের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। প্রকল্প শেষে জনবলের পদসমূহ রাজস্বখাতে সৃজন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক। ৪। গণপূর্ত বিভাগ।
১০।	মিরপুর ও খিলগাঁও কর্মজীবি মহিলা হোষ্টেল উধর্বমূখী সম্প্রসারণ প্রকল্প মেয়াদঃ (০১/০৭/১৬ - ৩০/০৬/২০২০ পর্যন্ত) প্রাক্কলিত ব্যয়ঃ ৩৯৩৭.৫৫ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৩৫৩.০০লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ২৩৮৮.৭৭ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৬০.৬৭%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান। জুন, ২০২০ এ প্রকল্প সমাপ্ত হবে। নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্তের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। প্রকল্পের যাবতীয় কাজ জুন, ২০২০ এ সমাপ্ত করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক।
১১।	Accelerating Action to End Child Marriage in Bangladesh শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/১১/১৭-০১/১০/২০১৯ পর্যন্ত,	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৫৪.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ০.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৫৪.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ৮০.৮৬ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৭৭.০৯ লক্ষ টাকা	**সিদ্ধান্ত :** ১। মেয়াদ বৃদ্ধিসহ প্রকল্পের সংশোধন প্রস্তাব দ্রুত সম্পন্ন করতে হবে।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
	প্রাক্কলিত ব্যয়ঃ ৪৩৫.০০ লক্ষ টাকা (PA-UNFPA)। লক্ষ টাকা।	২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১৯৭.০৯ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৪৫.৩২%। প্রকল্প পরিচালক সভাকে জানান, মাঠ পর্যায়ের কাজ চলমান এবং মন্ত্রণালয়ে প্রকল্পের সংশোধন প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মেয়াদ বৃদ্ধিসহ দ্রুত প্রকল্পের সংশোধন প্রস্তাব অনুমোদনের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ। ২। প্রকল্প পরিচালক। ৩। UNFPA এর প্রতিনিধি।
১২।	নীলক্ষেত কর্মজীবি নতুন মহিলা হোষ্টেল নির্মাণ এবং দেশের বিভিন্ন জেলায় বিদ্যমান কর্মজীবি মহিলা হোষ্টলসমুহের অধিকতর উন্নয়ন শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০৭/১৭ - ৩০/০৬/২০২০ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ৩৫৯৭.৪৮ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১০০১.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২০০১.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ৫০০.৫০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১৭৫.৭০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ১৭.৫৫%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৬৪৯.৮৩ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ১৮.০৬%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, নীলক্ষেত কর্মজীবি নতুন মহিলা হোষ্টেলের সংশোধিত ডিপিপির মেয়াদ বৃদ্ধিসহ নকসার প্রণয়নের কাজ চলমান। মেয়াদ বৃদ্ধিসহ সংশোধিত ডিপিপি শীঘ্র মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। ডিপিপি সংশোধনের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক।
১৩।	Advancement of Women`s Rights শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/১১/১৭-৩১/১২/২০২০ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ৬৭৭.২২ লক্ষ টাকা (PA-UNFPA)।	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২০৮.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ০.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২০৮.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ১০৯.২২ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১০৯.২২ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৫২.৫১%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ২৬৩.৫৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৩৮.৯২%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মাধ্যমে নারী নির্যাতন সম্পর্কিত Action Plan এর মনিটরিং ও ইভ্যালুয়েশন ট্যুলের উপর মতামত গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে প্রেরণ করা হয়েছে। নারী নির্যাতন সম্পর্কিত Action Plan এর মনিটরিং এবং ইভ্যালুয়েশন টুল দ্রুত চুড়ান্ত করণের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। নারী নির্যাতন সম্পর্কিত Action Plan এর মনিটরিং এবং ইভ্যালুয়েশন টুল দ্রুত চুড়ান্ত করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ। ৩। প্রকল্প পরিচালক।
১৪।	National Resilience Programme শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০১/১৮-৩১/০৩/২০২১ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৮৬৬.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১১৫.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৭৫১.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ৩৯০.৩৮ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৩৩০.০০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৩৮.১১%। প্রকল্পের শুরু	**সিদ্ধান্ত :** ১। বরাদ্দ অনুযায়ী কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
	(জিওবি ২৫৮.৯৪ লক্ষ টাকা PA-২৬০৩.৪২ লক্ষ টাকা UN Women)।	হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৮৭২.০৩ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ২২.১৫%। প্রকল্প পরিচালক সভাকে জানান, মাঠ পর্যায়ের কাজ চলমান। এডিপি বরাদ্দ অনুযায়ী কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	
১৫।	"নার্সিং বিষয়ে মহিলাদের জন্য ঢাকায় কমিউনিটি নার্সিং ডিগ্রী কলেজ স্থাপন" শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০৭/১৭-৩০/০৬/২০২০ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ২২১২.২৬ লক্ষ টাকা জিওবি ১২৫০.২৬ সংস্থার নিজস্ব অর্থায়ন ৯৬২.০০) লক্ষ টাকা	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১০৯৫.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১০৯৫.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ০.০০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ০.০০%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ০.০০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ০.০০%। সভায় জানানো হয় যে, প্রকল্পের ওপর দ্রুত ষ্টিয়ারিং কমিটির সভা আহবানের বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত :** ১। প্রকল্পের ওপর ষ্টিয়ারিং কমিটির সভা দ্রুত আহবান করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মহা-পরিচালক, মবিঅ। ২। প্রকল্প পরিচালক।
১৬।	ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেভেল গ্রুপ ডেভেলপমেন্ট (ICVGD)(২য় পর্যায়) শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০৭/২০১৯-৩০/০৬/২০২২ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ মোট-৩১৭২৭.২৬ লক্ষ টাকা (জিওবি ৩০০৫৩.৩৮ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৬৭৩.৮৮ লক্ষ টাকা)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে নতুন প্রকল্প হিসেবে প্রকল্পটি অনুমোদিত হয়েছে। প্রকল্পটির অনুকূলে সাময়িকভাবে একজন প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। প্রেষনে একজন প্রকল্প পরিচালক প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। উপ-প্রকল্প পরিচালক সভাকে জানান, পরিকল্পনা কমিশন হতে প্রকল্পের অনুকূলে বরাদ্দ পাওয়া গেছে। WFP কর্তৃক Lead NGO সিলেকশন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগ করা হলে সুবিধাভোগীর তালিকা তৈরী করা হবে। MIS এর বিষয়ে প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আহবানসহ প্রেষনে একজন পুর্নকালীন প্রকল্প পরিচালক প্রদানের বিষয়ে জনপ্রশাসনকে তাগিদ দিতে হবে।	**সিদ্ধান্তঃ** ১। MIS এর বিষয়ে প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আহবানসহ প্রেষনে একজন পুর্নকালীন প্রকল্প পরিচালকের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে তাগিদ দিতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। প্রকল্প পরিচালক।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
১৭।	"উপকূলীয় জনগোষ্ঠীর বিশেষত জলবায়ু পরিবর্তনজনিত লবক্ততা মোকাবেলায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্প মেয়াদঃ ০১/০১/২০১৯-৩১/১২/২০২৪ প্রাক্কলিত ব্যয়ঃ ২৭৬৮৬.৭১ লক্ষ টাকা জিওবি ৬৭১৬.০০ প্রকল্প সাহায্য ২০৯৭০.৭১ লক্ষ টাকা(গ্রীণ ক্লাইমেট ফান্ড)	সভাকে অবহিত করা হয় যে, ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে নতুন প্রকল্প হিসেবে প্রকল্পটি অনুমোদিত হয়েছে। মহা-পরিচালক জানান যে, প্রকল্পটির অনুকূলে প্রকল্প পরিচালক নিয়োগের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যবধি কোন প্রকল্প পরিচালক নিয়োগ করা সম্ভব হয়নি।	**সিদ্ধান্ত :** ১। দ্রুত একজন প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে তাগিদ দিতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা-পরিচালক, মবিঅ।
		জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প	
১৮।	জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ (৬৪ জেলা) মেয়াদঃ (০১/০৭/২০১৩ - ৩০/০৬/২০২১ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ৮৬৯৭.৫১ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১২০৫.০০ লক্ষ টাকা, যার সম্পুর্ণ জিওবি। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ৬০২.৫০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪৮৩.৭৪ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৪০.১৪%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৬৩১৭.১৯ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৭২.৬৩%। সভায় জানানো হয় যে, প্রকল্পের অগ্রগতি ভালো। বরাদ্দ অনুযায়ী চলতি অর্থ বছরের কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। প্রকল্পের গুনগতমান বজায় রেখে মাঠ পর্যায়ে ট্রেনিং কার্যক্রম বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। গুনগতমান বজায় রেখে মাঠ পর্যায়ে ট্রেনিং কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১।নির্বাহী পরিচালক, জামস। ২। প্রকল্প পরিচালক।
১৯	অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন (৩য় পর্যায়) মেয়াদঃ০১/০৭/২০১৫-৩০/০৬/২০২০ পর্যন্ত, প্রাক্কলিত ব্যয়ঃ ৯২৪৯.৪৩ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৯৬১.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৯৬১.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ৪৮০.৫০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪৭৩.৫০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৪৯.২৭%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৯০০১.৭০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৯৭.৩২%। সভায় জানানো হয় যে, পরিকল্পনা কমিশন হতে প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুমোদন করা হয়েছে। ২য় সংশোধিত ডিপিপির প্রশাসনিক আদেশ দ্রুত জারীর বিষয়ে সভাপতি নির্দেশ	**সিদ্ধান্ত:** ১। ২য় সংশোধিত ডিপিপির প্রশাসনিক আদেশ দ্রুত জারী করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২।নির্বাহী পরিচালক, জামস। ৩।প্রকল্প পরিচালক।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
		দেন।	
২০।	নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) মেয়াদঃ (০১/০৭/১৬ - ৩০/০৬/২০২০ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ৮৬১৫.০০ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২০৬৪.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২০৬৪.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ১০৩২.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৮৮৫.৫০লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৪২.৯০%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৫৬০৩.১৮ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৬৫.০৪%। সভায় জানানো হয় যে, ১ম সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ সংশোধন দ্রুত সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্ত:** ১। সংশোধন প্রস্তাব দ্রুত সম্পন্ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। নির্বাহী পরিচালক, জামস। ৩। প্রকল্প পরিচালক।
২১।	"তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)"শীর্ষক প্রকল্প মেয়াদঃ (০১/০৪/১৭-৩১/০৩/২০২২ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ৫৪,৪৯০.৭৪ লক্ষ টাকা।	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৩০০০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ১৩০০০.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ৬৫০০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৩৪৮৮.৯৪ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২৬.৮৪%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১২৩৫৭.৮৯ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ২২.৬৮%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কাজ মাঠ পর্যায়ে চলমান রয়েছে। গুনগতমান বজায় রেখে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। গুনগতমান বজায় রেখে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। নির্বাহী পরিচালক, জামস। ৩। প্রকল্প পরিচালক।
		বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প	
২২।	"শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (৩য় পর্যায়)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প মেয়াদঃ (০১/১০/২০১৮-৩১/১২/২০২০ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ৫০২৮.৪৪ লক্ষ টাকা (জিওবি-৮৭৮.৪৪ লক্ষ টাকা ও ইউনিসেফ ৪১৫০.০০ লক্ষ টাকা)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ১৯৬৩.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২৮৮.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১৬৭৫.০০ লক্ষ টাকা। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ১১৭.০১ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৫৪.২০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ২.৭৬%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ৩৯৩.০৩ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ৯.৮৭%। প্রকল্প পরিচালক জানান যে, ফুলকি এনজিও এর আওতায় ৪০টি শিশু বিকাশ কেন্দ্রের কাজ চলমান। ইউনিসেপের অধিনে ৪০০টি শিশু বিকাশ কেন্দ্রের বিষয়ে এনজিওর সাথে চুক্তি	**সিদ্ধান্তঃ** ১। গুনগতমান বজায় রেখে ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। মশিবিম। ২। মহা পরিচালক, বাশিএ। ৩। প্রকল্প পরিচালক।

ক্রঃনং	প্রকল্পের নাম, বাস্তবায়নকাল ও প্রাক্কলিত ব্যয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর
১	২	৩	৪
		হয়নি। গুনগতমান বজায় রেখে ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	
		জয়িতা ফাউন্ডেশন (জে.এফ)-এর প্রকল্প	
২৩।	জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প মেয়াদঃ (০১/০৪/২০১৮ - ৩১/০৩/২০২১ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ১৫৪২৫.০০ লক্ষ টাকা (জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ২১৭৭.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২১৭৭.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ১০৮৮.৫৩ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৪০.২০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ১.৮৫%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ১৫৮.৬৪ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ১.০৩%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের সংশোধিত স্থাপত্য ডিজাইন প্রণয়ন করা হয়েছে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে সংশোধিত স্থাপত্য ডিজাইন অনুসারে প্রাক্কলন প্রণয়ন করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। প্রকল্পের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে সংশোধিত স্থাপত্য ডিজাইন অনুসারে প্রাক্কলন প্রণয়ন করে মন্ত্রণালয়ে দ্রুত সংশোধন প্রস্তাব প্রেরণ করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। ব্যবস্থাপনা পরিচালক, জফা। ২। প্রকল্প পরিচালক।
২৪।	জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প মেয়াদঃ (০১/০১/২০১৯ - ৩১/১২/২০২৩ পর্যন্ত,) প্রাক্কলিত ব্যয়ঃ ২৬২৯৯.৪৫ লক্ষ টাকা (জিওবি)	সভাকে অবহিত করা হয় যে, এ প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের এডিপিতে মোট বরাদ্দ ৩০০০.০০ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ৩০০০.০০ লক্ষ টাকা (সম্পুর্ণ জিওবি)। ২০১৯-২০২০ অর্থ বছরের ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত মোট ১৫০০.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১০৫.০০ লক্ষ টাকা যা এডিপি বরাদ্দের ৩.৫০%। প্রকল্পের শুরু হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট আর্থিক অগ্রগতি ২৫০.৮০ লক্ষ টাকা যা মোট প্রকল্প ব্যয়ের ০.৯৫%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভা আহবানের বিষয়ে মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবান করার বিষয়ে সভাপতি নির্দেশ প্রদান করেন।	**সিদ্ধান্তঃ** ১। প্রকল্পের ষ্টিয়ারিং কমিটির সভা শীঘ্র আহবান করতে হবে। **বাস্তবায়ন দায়িত্বঃ** ১। ব্যবস্থাপনা পরিচালক, জফা। ২। প্রকল্প পরিচালক।

৫। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বেগম ফজিলাতুন নেসা এমপি,)
মাননীয় প্রতিমন্ত্রী